বঁ্যাটরা পাবলিক লাইব্রেরী



২০২৫-২৬ সালের
কার্যবিবরণী

২৮শে জুন, ২০২৬ তারিখে
সাধারণ সভায় উপস্থাপিত

"বসন্তকুমার স্মৃতিভবন"
৪২/৩, লক্ষ্মীনারায়ণ চক্রবর্তী লেন,
হাওড়া - ৭১১ ১০১

Regn. No. : 2596 of 1941-42



"প্রিয় লেখকের মুখোমুখি" অনুষ্ঠানে উপস্থিত "সাহিত্য অকাদেমি" পুরস্কারে সম্মানিত লেখক শ্রী স্বপ্নময় চক্রবর্তী



পাঠাগারের মহিলা বিভাগ পরিচালিত রন্ধন প্রতিযোগিতা



"প্রিয় লেখকের মুখোমুখি" অনুষ্ঠানে উপস্থিত জনপ্রিয় লেখক শ্রী অভীক সরকার



নব রূপে সজ্জিত পাঠাগারের মঞ্চের উদ্বোধন করছেন মাননীয় হরিয়ানার রাজ্যপাল অধ্যাপক শ্রী অসীম কুমার ঘোষ।



মাননীয় হরিয়ানার রাজ্যপাল অধ্যাপক শ্রী অসীম কুমার ঘোষ এর হাতে স্মারক তুলে দিচ্ছেন পাঠাগারের সাধারণ সম্পাদক



বর্ষবরণ উৎসব উপলক্ষে পাঠাগারের সদস্য/সদস্যাবৃন্দ অভিনীত নাটকের কুশীলবগণ।



সরস্বতী পূজা উপলক্ষে পাঠাগারের "বইয়ের হাট" এর বিকি-কিনি।

২০২৫-২০২৬ সালের সম্পাদকীয় প্রতিবেদন

ব্যাঁটরা পাবলিক লাইব্রেরীর ১৪২ তম বার্ষিক সাধারণ সভায় উপস্থিত সকল সদস্য/সদস্যা কে কার্যকরী সমিতির পক্ষ থেকে জানাই সাদর সম্ভাষণ। সেই সঙ্গে কৃতজ্ঞতা জানাই সেইসব সদস্য/সদস্যা, শুভানুধ্যায়ী এবং সহকর্মী ও সহমর্মী বন্ধুদের যাঁদের অকুণ্ঠ সহযোগিতায় পাঠাগারের গতিশীলতা বজায় আছে।

ইন্টারনেট ও তথ্যপ্রযুক্তির সহজলভ্যতা, নিউক্লিয়ার ফ্যামিলি, অর্থনৈতিক অনিশ্চয়তা ইত্যাদি কারণে মানুষের হাতে এখন সময় কম ব্যস্ততা বেশী। তার ফলে বই পড়ার প্রতি আগ্রহ ও অভ্যাস আমাদের ক্রম হ্রাসমান। কোন বিষয়ের গভীরতা অনুসন্ধানের সদিচ্ছা আমাদের কমে যাচ্ছে। কৃত্রিম বুদ্ধিমত্তার ব্যবহার করে আমরা আমাদের স্বকীয়তা ও সৃষ্টির আনন্দ থেকে বঞ্চিত হচ্ছি। আধুনিক প্রযুক্তি আমাদের সমৃদ্ধ করতে পারবে, কিন্তু আমাদের চিন্তাশক্তি কিংবা কল্পনার উন্নতি ঘটাতে সক্ষম নয়। আমাদের ভাবনার উন্মেষ ঘটাতে এবং সৃজনশীলতার স্বার্থে বইয়ের চাহিদা ও পাঠাগারের গুরুত্ব চিরকালই থাকবে। তাই সময়ের সঙ্গে প্রযুক্তির পাচক রসে জারিয়ে নিয়ে তার আধুনিকীকরণের প্রয়োজনীয়তা অত্যন্ত জরুরী।

দীর্ঘদিন ধরে পাঠাগারে বই রাখার স্থানাভাব দেখা যাচ্ছিল। তার আশু সমাধানের জন্য পাঠাগার মঞ্চের সম্প্রসারণ ও আধুনিকীকরণের মাধ্যমে সেই সমস্যার সমাধান করা গেছে। এই নির্মাণ কাজের মাধ্যমে প্রায় ২৫,০০০ বই রাখার স্থান সঙ্কুলান করা গেছে। এই নির্মাণ কাজের প্রযুক্তিগত রূপরেখা প্রস্তুত ও তত্ত্বাবধান করেন সি.বি.আর.আই. রূপকার সিনিয়র সায়েন্টিষ্ট ডঃ অনিন্দ পাইন এবং আই.আই.ই.এস.টি. (শিবপুর বি.ই. কলেজ)-এর অধ্যাপক ডঃ শুভ্র পাল। পুস্তকপ্রেমী এবং পাঠাগার দরদী এই দুই ইঞ্জিনিয়ার বিনা পারিশ্রমিকে এই নির্মাণকার্যের সম্পূর্ণ তদারকি করেন। পাঠাগারের পক্ষ থেকে তাঁদের অশেষ কৃতজ্ঞতা জ্ঞাপন করি।

বিগত ৯ ফেব্রুয়ারী ২০২৬, সোমবার, সন্ধ্যা ৬টায় নবরূপে সজ্জিত পাঠাগার মঞ্চের উদ্বোধন করা হয়। উদ্বোধক হিসাবে উপস্থিত ছিলেন হাওড়া জেলার ভুমিপুত্র ও পুস্তকপ্রেমী এবং হরিয়ানার মাননীয় রাজ্যপাল অধ্যাপক শ্রী অসীম কুমার ঘোষ মহাশয়। মাননীয় রাজ্যপাল ঐ দিন পাঠাগারে উপস্থিত হয়ে পাঠাগার পরিদর্শন করেন ও বিভিন্ন পুস্তকের খোঁজ খবর নেন। এরপর মাননীয় রাজ্যপাল অধ্যাপক শ্রী অসীম কুমার ঘোষ মহাশয় পাঠাগারের প্রেক্ষাগৃহে উপস্থিত হয়ে প্রদীপ প্রজ্জ্বলনের মাধ্যমে নবনির্মিত পাঠাগার মঞ্চের উদ্বোধন করেন। মাননীয় রাজ্যপাল শ্রী অসীম কুমার ঘোষ মহাশয় ব্যাঁটরা পাবলিক লাইব্রেরীর সঙ্গে তাঁর পূর্ব পরিচয়ের কথা উল্লেখ করেন ও পাঠাগারের কর্মকাণ্ডের ভূয়সী প্রশংসা করেন এবং পাঠাগারের উন্নতির জন্য তাঁর তহবিল থেকে আড়াই লক্ষ টাকা দান করেন। এই অনুষ্ঠানে মাননীয় রাজ্যপালের সঙ্গে তাঁর সহধর্মিণী অর্থাৎ ফার্ষ্ট লেডি অফ হরিয়ানা মাননীয়া শ্রীমতী মিত্রা ঘোষ মহাশয়াও উপস্থিত ছিলেন। ভীড়ে ঠাসা পাঠাগারের

প্রেক্ষাগৃহ মাননীয় রাজ্যপালের মূল্যবান বক্তব্য শুনে আপ্লুত ও অভিভূত। মাননীয় রাজ্যপাল মহাশয় আরো বলেন যে ভবিষ্যতেও তিনি এই পাঠাগারের সার্বিক উন্নতির জন্য আরো সাহায্য ও সহযোগিতার হাত বাড়িয়ে দেবেন। বন্দেমাতরম সঙ্গীতের মাধ্যমে অনুষ্ঠানের সমাপ্তি ঘটলে মাননীয় রাজ্যপাল মহাশয় মঞ্চ থেকে নেমে এসে প্রেক্ষাগৃহে উপস্থিত দর্শক-শ্রোতাদের সঙ্গে আলাপচারিতায় ব্যস্ত হয়ে পড়েন।

মাননীয় রাজ্যপাল অধ্যাপক শ্রী অসীম কুমার ঘোষ মহাশয়ের উপস্থিতি পাঠাগারের ঐতিহ্যের আঙিনায় আরো একটি মাইল ফলকের সংযুক্তি ঘটালো। মাননীয় রাজ্যপাল মহাশয়ের পাঠাগারের প্রতি গভীর ভালবাসা আমাদের মুগ্ধ করেছে এবং তাঁর তহবিল থেকে প্রাপ্ত অনুদানের জন্য পাঠাগারের সদস্য/সদস্যা, কার্যকরী সমিতি ও পাঠাগার দরদী সকল শুভানুধ্যায়ীদের পক্ষ থেকে তাঁকে আন্তরিক কৃতজ্ঞতা জানাই। উক্ত অনুষ্ঠানে সঙ্গীত পরিবেশন করেন ডঃ মহুয়া মুখোপাধ্যায়ের পরিচালনায় 'পাঞ্চজন্য সংগীত বিতান'-এর শিল্পীবৃন্দ এবং সভাপতিত্ব করেন পাঠাগারের সভাপতি শ্রী দেবব্রত কুণ্ডু মহাশয়।

পূর্বতন আর্থিক বছরে পাঠাগারের রক্ষণাবেক্ষণের কাজটি সম্পূর্ণ হয়েছিল কিন্তু রঙ করার কাজটি করা সম্ভব হয়নি। আলোচ্য বছরে পাঠাগারের প্রথমতল থেকে চতুর্থতল প্রায় এক মাসাধিককাল ধরে পুস্তকগুলি সম্পূর্ণ সুরক্ষিত রেখে এবং পাঠাগারের দৈনন্দিন কাজের কোন ব্যাঘাত না ঘটিয়ে পাঠাগারের অন্দর মহলের রঙ-এর কাজটি সম্পূর্ণ করা সম্ভব হয়েছে।

রাজ্যের গ্রন্থাগার পরিষেবা উন্নয়নের লক্ষ্যে রাজ্য গ্রন্থাগার দপ্তর দীর্ঘদিন ধরে রাজ্যের বিভিন্ন বেসরকারি ও সরকার অপোষিত সাধারণ গ্রন্থাগারগুলিকে এককালীন আর্থিক সহায়তা প্রদান বন্ধ করে দিয়েছেন। এর ফলে শতাব্দী প্রাচীন এই পাঠাগারকে প্রতিনিয়ত আর্থিক অনটনের মধ্যে দিয়ে চলতে হচ্ছে। পশ্চিমবঙ্গের নবনির্বাচিত সরকারের কাছে আমাদের প্রত্যাশা, তাঁরা আগামী দিনে সরকার অপোষিত প্রাচীন গ্রন্থাগারগুলিকে সজীব ও সচল রাখার ব্যবস্থা করবেন এবং সহযোগিতার হাত বাড়িয়ে দেবেন।

বিভিন্ন বিভাগীয় কর্মসূচীর বিবরণে যাবার আগে সাধারণ বিভাগের মাধ্যমে যে অনুষ্ঠানগুলির আয়োজন করা হয়েছে তার একটি সংক্ষিপ্ত বিবরণ পেশ করছি।

সরস্বতী পূজা ও বইয়ের হাট

পাঠাগার তার পরম্পরা ও ঐতিহ্যকে অনুসরণ করে প্রতি বছরের মতো এ বছরেও বাগদেবীর আরাধনায় ব্রতী হয় ২৩ জানুয়ারী'২৬, শুক্রবার। ঐ দিন সকালে প্রায় পাঁচ হাজার মানুষের সমাগম ঘটে। নব নির্মিত পাঠাগার মঞ্চে পাঠাগারের কিশোর বিভাগের সম্পাদক শ্রী অরুনাভ রায়-এর মণ্ডপের আধুনিকতা ও শিল্পনিপুণতা মানুষের প্রশংসা লাভ করে। শ্রী পঙ্কজ

বন্দ্যোপাধ্যায়ের পৌরোহিত্যে পূজা ও অঞ্জলি প্রদান অনুষ্ঠানে সকলে সন্তোষ প্রকাশ করেন। যথাযথ মর্যাদার সঙ্গে ২৪ জানুয়ারী'২৬ সন্ধ্যায় প্রতিমা নিরঞ্জন করা হয়।

সরস্বতী পূজা উপলক্ষে ২১ জানুয়ারী'২৬ থেকে ২৬ জানুয়ারী'২৬ এই ছয়দিন ব্যাপী পাঠাগার ভবনে 'বইয়ের হাট'-এর আয়োজন করা হয়েছিল। কোন ব্যবসায়িক উদ্দেশ্যে নয়, জনমানসে বই পড়ার অভ্যাস বাড়াতে এবং পাঠাগারকে আরো জনমুখী করে তুলতে ২০০৫ সালে যে প্রয়াস শুরু হয়েছিল ২০২৬ সালে তা সগৌরবে ২২তম বর্ষে পদার্পণ করল। 'বইয়ের হাট' সম্পর্কে মানুষের আগ্রহ ও উদ্দীপনা ক্রমবর্ধমান হওয়ায় আমরা উৎসাহিত ও আনন্দিত। 'বইয়ের হাট' সম্পর্কে মানুষের প্রত্যাশা ক্রমশ বাড়তে থাকায় আমরা আবার শঙ্কিতও বটে। কারণ পরবর্তী সময়ে স্থানাভাব ও লোকবল এই জনপ্রিয় অনুষ্ঠানের অন্তরায় হয়ে না দাঁড়ায়। ২২তম 'বইয়ের হাট' এর উদ্বোধন করেন পাঠাগারের সভাপতি শ্রী দেবব্রত কুণ্ডু।

২২তম 'বইয়ের হাট' এর প্রধান আকর্ষণ ছিল প্রথিতযশা ও অগ্রণী প্রায় ২৭টি প্রকাশনা সংস্থার প্রচুর বইয়ের সম্ভার। প্রবন্ধ, উপন্যাস, গল্প, ধর্মগ্রন্থ, কবিতা, নাটক, কমিক্স, ক্যুইজ, ম্যাজিক, বিজ্ঞান, শিশুপাঠ্য প্রভৃতি বাছাই করা বাংলা ও ইংরাজী বইয়ের বিপুল সম্ভার ছিল 'বইয়ের হাট'-এর মূল আকর্ষণ। প্রতি বছর সরস্বতী পূজা উপলক্ষে পাঠাগার আয়োজিত 'বইয়ের হাট'-এ এলাকার শিশু, কিশোর, মহিলা ও প্রবীণ মানুষের মধ্যে সবিশেষ উৎসাহ লক্ষ্য করা যায়। একই ছাদের তলায় বিভিন্ন প্রকাশকের বাছাই করা পছন্দ মতো ও অধিক ছাড়ে বই কেনার সুযোগ পাওয়ায় অনেকেই 'কলকাতা পুস্তক মেলা'র ভীড় এড়িয়ে পাঠাগারের এই ঘরোয়া আয়োজনে অনেক বেশী স্বাচ্ছন্দ্য বোধ করেন। ২২তম 'বইয়ের হাট'-এ বিপুল পরিমাণে বই বিক্রির পরিসংখ্যান প্রমাণ করে যে চূড়ান্ত ভোগবাদ ও আধুনিকতা মানুষকে বই বিমুখ করে তুলতে পারেনি।

২২তম 'বইয়ের হাট'-এর অন্যতম এবং জনপ্রিয় অনুষ্ঠান 'প্রিয় লেখকের মুখোমুখি'। ২৩ জানুয়ারী'২৬, শুক্রবার সন্ধ্যায় উপস্থিত ছিলেন বর্তমান প্রজন্মের তরুণ সাহিত্যিক শ্রী অভীক সরকার এবং ২৬ জানুয়ারী'২৬, সোমবার সন্ধ্যায় উপস্থিত ছিলেন সাহিত্য অকাদেমী পুরস্কারপ্রাপ্ত প্রখ্যাত সাহিত্যিক শ্রী স্বপ্নময় চক্রবর্তী। উক্ত অনুষ্ঠান দুটিতে লেখকের সঙ্গে পাঠকের সরাসরি আলাপচারিতা ও প্রশ্নোত্তর পর্বটি সবিশেষ উল্লেখযোগ্য ছিল। দুটি অনুষ্ঠানে স্বতঃস্ফূর্ত জনজোয়ার প্রমাণ করে লেখকের সঙ্গে সরাসরি কথা বলার সুযোগ এবং প্রিয় লেখকের হাত থেকে তাঁদের স্বাক্ষর করা বই সংগ্রহের সুযোগ পেয়ে পাঠককুল অভিভূত।

পাঠাগারের এই বিশাল কর্মকাণ্ডে যে সকল পৃষ্ঠপোষক সহযোগিতার হাত বাড়িয়ে দিয়েছিলেন তাঁরা হলেন, - পশ্চিমবঙ্গ গ্রামীণ ব্যাঙ্ক, ব্লু হেভেন, ব্যাঁটরা কো-অপারেটিভ ব্যাঙ্ক লিমিটেড, দেব কমিউনিকেশনস্, পপুলার অপটিশিয়ানস্, আগ্নি জুয়েলার্স, শিবান্তি অ্যাডভাইসারি সার্ভিসেস প্রভৃতিকে পাঠাগারের পক্ষ থেকে ধন্যবাদ জানাই।

বার্ষিক উৎসব ও পুরস্কার বিতরণী সভা

বিগত ২৯ মার্চ'২৬, রবিবার সন্ধ্যায় পাঠাগারের ১৩৯ তম বার্ষিক উৎসব ও পুরস্কার বিতরণী সভার আয়োজন করা হয়েছিল। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথির আসন অলঙ্কৃত করেন বিশিষ্ট সাহিত্যিক ও প্রথিতযশা প্রকাশক শ্রী ত্রিদিব কুমার চট্টোপাধ্যায় এবং সভাপতিত্ব করেন পাঠাগারের সভাপতি শ্রী দেবব্রত কুণ্ডু।

সাধারণ সম্পাদক শ্রী তন্ময় ঘোষ তাঁর ভাষণে পাঠাগারের বিভিন্ন কর্মধারা সম্বন্ধে উপস্থিত সুধীবৃন্দকে অবহিত করান এবং আগামী দিনে পাঠাগারে আরো উন্নত ও আধুনিক প্রযুক্তিগত পরিষেবা রূপায়ণের জন্য সকলের সহযোগিতা প্রার্থনা করেন। প্রধান অতিথি সাহিত্যিক শ্রী ত্রিদিব কুমার চট্টোপাধ্যায় আজকের গতিশীল যুগেও পাঠাগার ও গল্পের বইয়ের প্রয়োজনীয়তার কথা উল্লেখ করেন। এরপর পাঠাগারের বিভিন্ন বিভাগ আয়োজিত নানান সাংস্কৃতিক প্রতিযোগিতাগুলির পুরস্কার বাবদ বই ও শংসাপত্র প্রদান করা হয়। পরিশেষে সভাপতির ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে অনুষ্ঠানের পরিসমাপ্তি ঘটে।

শোকজ্ঞাপন

আলোচ্য বছরে পাঠাগারের সদস্যবৃন্দ
হেমন্ত কুমার চন্দ, প্রতিমা মুখার্জী ও কালাচাঁদ সর্দার
প্রয়াত হয়েছেন।
আমরা তাঁদের প্রয়াণে গভীরভাবে শোকাহত।
আমরা তাঁদের পরিরারবর্গের প্রতি আন্তরিক সমবেদনা জ্ঞাপন করছি।

সদস্য সংখ্যা ঃ (২০২৫-২০২৬ আর্থিক বছর)

	সাধারণ বিভাগ	কিশোর বিভাগ
সদস্যপদ গ্রহণ করেছেন	৪৬ জন	৩৭ জন
সদস্যপদ বাতিল হয়েছে	৩০ জন	৪৬ জন
	(মৃত ৪ জন)	(সাধারণ বিভাগে উন্নীত ৩ জন)
	ব্যাক্তিগত অসুবিধার জন্য ২৬ জন)	

সাধারণ বিভাগের মোট সদস্য সংখ্যা ৯১৬ জন

আজীবন সদস্য	৩২৪ জন (মহিলা সদস্য ৫৮ জন)
প্রথম শ্রেণীর সদস্য	৩৬৭ জন (মহিলা সদস্য ১৪৯ জন)
দ্বিতীয় শ্রেণীর সদস্য	২৭২ জন (মহিলা সদস্য ১২০ জন)
কিশোর বিভাগের সদস্য	২০৯ জন

পুস্তক বিষয়ক ঃ (২০২৫ - ২৬ আর্থিক বছর)

সাধারণ বিভাগ	ক্রয় ৩৮৬টি
শিশু ও কিশোর বিভাগ	ক্রয় ৪৭টি

৩১শে মার্চ ২০২৬-এ মোট পুস্তক সংখ্যা নিম্নরূপ ঃ

সাধারণ বিভাগ	৩৮,৬২৭টি
শিশু ও কিশোর বিভাগ	১০,২৭৬টি

পাঠাগারে যে সমস্ত পত্র পত্রিকা নিয়মিত রাখা হয় তার তালিকা দেওয়া হল

সাধারণ বিভাগ

বাংলা পত্র পত্রিকা ঃ

দৈনিক ঃ ১। আনন্দবাজার পত্রিকা ২। সংবাদ প্রতিদিন ৩। গণশক্তি ৪। আজকাল ৫। বর্তমান ৬। এই সময়

সাপ্তাহিক ঃ ১। সাপ্তাহিক বর্তমান ২। কর্মক্ষেত্র

পাক্ষিক ঃ ১। দেশ ২। সানন্দা

মাসিক ঃ ১। ভ্রমণ ২। উদ্বোধন

দ্বিমাসিক ঃ ১। এ যুগের কিশোর বিজ্ঞানী ২। একসাথে

শারদীয়া ঃ ১। আনন্দবাজার পত্রিকা ২। দেশ ৩। নন্দন ৪। আজকাল ৫। দেশহিতৈষী ৬। আনন্দমেলা ৭। বর্তমান ৮। প্রতিদিন ৯। ভ্রমণ ১০। পত্রিকা ১১। উদ্বোধন ১২। এই সময় ১৩। সানন্দা ১৪। এ যুগের কিশোর বিজ্ঞানী ১৫। বিশ্ববাণী

ইংরাজী পত্র পত্রিকা ঃ

দৈনিকঃ 1. The Statesman 2. The Economic Times 3. The Telegraph
4. The Times of India

সাপ্তাহিকঃ 1. Employment News

কিশোর বিভাগ

বাংলা পত্র পত্রিকা ঃ

পাক্ষিকঃ ১। আনন্দ মেলা

মাসিকঃ ১। শুকতারা ২। কিশোর ভারতী

দ্বিমাসিকঃ ১। কিশোর বিজ্ঞানী

শারদীয়াঃ ১।কিশোর ভারতী ২। আনন্দমেলা ৩। কিশোর জ্ঞান বিজ্ঞান ৪। শুকতারা ৫। রঙবেরঙ ৬। সন্দেশ ৭। এ যুগের কিশোর বিজ্ঞানী

এই সমস্ত পত্রিকা ছাড়াও বিগত বছরে আমরা পেয়েছি ঃ - যুগের খবর, এসময়, হাওড়া বার্তা, বঙ্গমিত্র, এখন দিগন্ত। এছাড়া রাজ্য ও কেন্দ্রীয় সরকারের প্রচার ও তথ্য দপ্তর সহ বিভিন্ন দূতাবাস থেকে নানা ধরনের পত্র পত্রিকা আসে এঁদের সকলকে ধন্যবাদ জানাই।

আলোচ্য বছরে যাঁরা বিভিন্ন পুস্তক ও পত্র পত্রিকা দান করেছেন তাঁরা হলেন শ্রী অমিতাভ বন্দ্যোপাধ্যায়, শ্রী বিকাশ সেনাপতি, শ্রী সুবল চন্দ্র কুণ্ডু, শ্রী বাবলু স্বর্ণকার, শ্রী মানস সরকার, শ্রী তরুণ মণ্ডল, শ্রী সুবীর মণ্ডল, শ্রী সারনাথ হাজরা, শ্রী গোপাল সেনাপতি, শ্রী মদন মোহন দত্ত, শ্রী সুমন্ত কুমার বন্দ্যোপাধ্যায়, শ্রী পিযুষ কান্তি সরকার, মানব সংস্থান বিকাশ মন্ত্রালয় (উচ্চতর শিক্ষা বিভাগ)। সংশ্লিষ্ট প্রত্যেককে আন্তরিক ধন্যবাদ জানাই।

শোকজ্ঞাপন

পাঠাগারের প্রাক্তন সাধারণ সম্পাদক ও দীর্ঘদিনের কার্যকরি সমিতির সদস্য এবং পাঠাগারের অন্যতম প্রাণপুরুষ **প্রণব কুমার সিংহ** প্রয়াত হয়েছেন। আমরা তাঁর আকস্মিক প্রয়াণে গভীরভাবে শোকাহত এবং তাঁর পরিবারবর্গের প্রতি আন্তরিক সমবেদনা জ্ঞাপন করছি।

২০২৪-২৫			২০২৫-২৬
৯১৭	সদস্য পাঠক সংখ্যা	সাধারণ বিভাগ	৯৩৩
২১০	ঐ	কিশোর বিভাগ	২০১
৩৮,২৪১	মোট পুস্তক সংখ্যা	সাধারণ বিভাগ	৩৮,৬২৭
১০,২২৯	ঐ	শিশু ও কিশোর বিভাগ	১০,২৭৬
১,৮৯৬	বাঁধানো পত্রিকা	সাধারণ বিভাগ	১,৮৯৬
৩৬০	ঐ	কিশোর বিভাগ	৩৬০
৮,৮৯,৯৭৬.৯১	মোট আদায়	সাধারণ বিভাগ	১১,২১,৮৪৫.৬১
৮৪,৭১০.০০	ঐ	শিশু ও কিশোর বিভাগ	৬৩,৯৪২.০০
৮২,২৭২.০০	ঐ	মহিলা বিভাগ	৮১,২৫৪.০০
২,২৩,৪৬৯.০০	ঐ	ক্রীড়া বিভাগ	১,৭৫,১৬৬.০০
৯,৮৮,১১৩.০২	মোট ব্যয়	সাধারণ বিভাগ	১৭,৪৯,০৮৩.৯৪
৮৪,৬১১.০০	ঐ	শিশু ও কিশোর বিভাগ	৫৮,০৬১.০০
৮২,০৬৪.০০	ঐ	মহিলা বিভাগ	৮৯,৬৭৬.০০
১,৮২,৫৭১.৫৮	ঐ	ক্রীড়া বিভাগ	১,১৭,০০৬.০৬
৬,৮০০.০০	প্রাবেশিকা	সাধারণ বিভাগ	৭,২৫০.০০
২,০৩০.০০	ঐ	শিশু ও কিশোর বিভাগ	২,৫৯০.০০
২,৫০০.০০	ঐ	মহিলা বিভাগ	১,৬৫০.০০
৩,৩০০.০০	ঐ	ক্রীড়া বিভাগ	৪,২০০.০০
৪১,০০০.০০	আজীবন সদস্যপদের চাঁদা	সাধারণ বিভাগ	৩২,৫০০.০০
৮২,৭৬৪.০০	সদস্য ও সদস্যাগণের চাঁদা	সাধারণ বিভাগ	৭৫,৭১৫.০০
১৭,০১৪.০০	ঐ	শিশু ও কিশোর বিভাগ	১৩,৬৮৫.০০
—	সরকারী সাহায্য	মহিলা বিভাগ	—
—	ঐ	সাধারণ বিভাগ	—
৮৬,৩৯৩.০০	পুস্তক ক্রয়	সাধারণ বিভাগ	৮৩,০৪০.০০
৮,৭৮৪.০০	ঐ	শিশু ও কিশোর বিভাগ	১১,০২৭.০০
৬০,৪৩৪.০০	পত্র পত্রিকা ক্রয়	—	৪৪,২৭২.০০
৪১.৭০	সদস্য পিছু পুস্তক	সাধারণ বিভাগ	৪৩.৫৫
৪৮.৭১	ঐ	শিশু ও কিশোর বিভাগ	৫০.৬২
১৭,০৪০.০০	বকেয়া চাঁদা (অনাদায়ী সঞ্চিতি বাদে)	সাধারণ বিভাগ	১১,৪৮০.০০
৪,৫৯০.০০	ঐ	শিশু ও কিশোর বিভাগ	২,৮১০.০০

সংস্কৃতি বিভাগ

পাঠাগারের সংস্কৃতি বিভাগ জনমানসে সুস্থ সংস্কৃতির প্রসারের লক্ষ্যে অবিচল থেকে বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠান ও প্রতিযোগিতার আয়োজন করেছে। পাঠাগারের মঞ্চের সম্প্রসারণের কাজের জন্য সংস্কৃতি বিভাগের নির্ধারিত বেশ কিছু অনুষ্ঠান বাতিল করতে হয়েছে। এজন্য আন্তরিকভাবে দুঃখ প্রকাশ করছি।

সাংস্কৃতিক প্রতিযোগিতা ঃ

বিতর্ক প্রতিযোগিতা ঃ ১৫ মার্চ ২০২৬, রবিবার

বিষয় ঃ 'ভয়ের কালচার' ভারতবর্ষে শাসন টিকিয়ে রাখার সাম্প্রতিক অস্ত্র।

'Culture of fright' : The current arsenal for sustaining the rule in India.

ফলাফল ঃ

প্রথম ঃ অর্ণব ভট্টাচার্য ও অনির্বাণ ঘোষ, দ্বিতীয় ঃ শুভঙ্কর দাস, তৃতীয় ঃ দেবজিৎ ভট্টাচার্য

বিচারকবৃন্দ ঃ

অধ্যাপক শ্রী রাজকুমার গাঙ্গুলী, ডঃ মোনালিসা মাইতি ও শ্রী সৌভিক মুখোপাধ্যায়

আবৃত্তি প্রতিযোগিতা ঃ ২২ মার্চ ২০২৬, রবিবার

বিষয় ঃ কবি সুকান্ত ভট্টাচার্য্যের 'ছাড়পত্র'

ফলাফল ঃ প্রথম ঃ দেবজিতা ঘোষ, দ্বিতীয় ঃ দৃশাঙ্কনা দে, তৃতীয় ঃ সপ্তপর্ণা চক্রবর্ত্তী

বিচারকবৃন্দ ঃ অধ্যাপক শ্রী সিদ্ধার্থ সেন, অধ্যাপক শ্রী সুজিত সরকার ও ডঃ পাপড়ি ভট্টাচার্য্য

ক্যুইজ প্রতিযোগিতা ঃ ২২ মার্চ ২০২৬, রবিবার

ফলাফল ঃ প্রথম ঃ পাশ্চাত্য মান্না ও জয়দীপ গুহঠাকুরতা

দ্বিতীয় ঃ অর্কদেব গঙ্গোপাধ্যায় ও আশীষ সেনগুপ্ত

তৃতীয় ঃ হরনাথ দত্ত ও কৌস্তভ পাল

বিচারকবৃন্দ ঃ

'অ্যাটেমিক টাচ'-এর পক্ষে শ্রী রাজীব ব্যানার্জী, শ্রী প্রতাপ কোণার ও শ্রী কৌশিক চ্যাটার্জী

নিম্নলিখিত শুভানুধ্যায়ীগণ প্রত্যেক বছরের মতো এবছরেও পাঠাগারের 'সংস্কৃতি বিভাগ' আয়োজিত বিভিন্ন প্রতিযোগিতার পুরস্কারের ব্যয়ভার বহন করেন। পাঠাগারের পক্ষ থেকে তাঁদের প্রত্যেক কে জানাই আন্তরিক অভিনন্দন।

শ্রীমতী শিখা চট্টোপাধ্যায় (স্বামী ঁ বোধিসত্ব চ্যাটার্জীর স্মৃতিতে), শ্রীমতী মহুয়া ব্যানার্জী (পিতা ও পাঠাগারের প্রাক্তন সাধারণ সম্পাদক ঁ সোমনাথ মুখার্জীর স্মৃতিতে), শ্রী সুব্রত দাস (মাতা ঁ

কণিকা দাসের স্মৃতিতে), শ্রীমতী প্রতিমা মুখোপাধ্যায় (পিতা ঁফকির চন্দ্র বন্দ্যোপাধ্যায়ের স্মৃতিতে), এবং শ্রীমতী শীলা মুখার্জী (স্বামী ঁতরুণ কুমার মুখার্জীর স্মৃতিতে)।

বর্ষবরণ

অন্যান্য বছরের মতো এ বছরেও ১লা বৈশাখ, ১৪৩৩ সন্ধ্যায় এক মনোরম অনুষ্ঠানের মাধ্যমে নতুন বছরকে বরণ করে নেওয়া হয়।

অনুষ্ঠানের সূচনা হয় শ্রীমতী অনিন্দিতা দেবনাথের কণ্ঠে লোকসংগীতের মাধ্যমে। তাঁর অনবদ্য পরিবেশনা সকল দর্শককে মুগ্ধ করে।

এরপর পাঠাগারের সভাপতি শ্রী দেবব্রত কুণ্ডু তাঁর সংক্ষিপ্ত ভাষণে বাংলা নববর্ষের তাৎপর্য ব্যাখ্যা করেন।

অনুষ্ঠানে সমবেত আবৃত্তি পরিবেশন করেন 'দিশারী' এর শিল্পীবৃন্দ যা পরিচালনা করেন শ্রীমতী তাপসী দে।

এছাড়াও অনুষ্ঠানে আধুনিক সংগীত পরিবেশন করেন শ্রীমতী সৌমী পাল ও সৌভিক রায়। এই দুই শিল্পীর পরিবেশনার মুন্সিয়ানা উপস্থিত দর্শকবৃন্দকে আপ্লুত করে।

সমগ্র অনুষ্ঠানে শিল্পীদের সঙ্গে তবলায় সঙ্গত করেন শ্রী পল্লব ব্যানার্জী ও কিবোর্ডে সহায়তা করেন শ্রী অরিজিৎ ভট্টাচার্য।

পরিশেষে পাঠাগারের সদস্য / সদস্যা অভিনীত এবং শ্রী অনিন্দ মুখার্জীর পরিচালনায় অনুষ্ঠিত হয় মনোজ মিত্র'র নাটক 'কোথায় যাব'।

অপেশাদার অভিনেতা অভিনেত্রীদের নিয়ে পরিচালক শ্রী অনিন্দ মুখার্জীর অক্লান্ত পরিশ্রম সফলতা পায় যখন মুহুর্মুহু করতালিতে মুখর হয়ে ওঠে সারা প্রেক্ষাগৃহ। পাঠাগারের সদস্য / সদস্যারাই কেবলমাত্র এই নাটকে অভিনয় করেন। এই নাটকে অভিনয় করেছেন শ্রী অনিন্দ মুখার্জী, শ্রী সোনা কুমার দাস, শ্রী রোহিত সরকার, শ্রী সৌভিক ঘোষ, শ্রী সৌমার্য শেঠ, শ্রী সনৎ কুমার রায়, শ্রী সূর্যেন্দু সাঁপুই, শ্রী স্পন্দন দাস এবং শ্রীমতী তমোনা ঘোষ।

রবীন্দ্র নজরুল সন্ধ্যা

বিগত ৩১ মে'২৬, রবিবার সন্ধ্যায় এক মনোজ্ঞ অনুষ্ঠানের মাধ্যমে পাঠাগারের পরম্পরাকে অনুসরণ করে বিশ্ববন্দিত দুই কবিকে শ্রদ্ধা জ্ঞাপন করা হয়।

অনুষ্ঠানের সূচনায় রবীন্দ্রনাথ ঠাকুর এবং নজরুল ইসলামের কর্ম ও জীবন সম্বন্ধে আলোচনা করেন অনুষ্ঠানের প্রধান অতিথি ডঃ প্রভাত কুমার ভট্টাচার্য্য মহাশয়। সমগ্র অনুষ্ঠানের সভাপতিত্ব করেন পাঠাগারের সভাপতি শ্রী দেবব্রত কুণ্ডু।

এরপর অনুষ্ঠানের দ্বিতীয় পর্বে সমবেত আবৃত্তি পরিবেশন করেন 'উত্তরণ আবৃত্তি সংস্থা'-র

শিল্পীবৃন্দ, সমবেত সংগীত পরিবেশন করেন 'আনন্দধারা'-র শিল্পীরা এবং পরিশেষে নৃত্য পরিবেশন করেন 'ইচ্ছেস্বপ্ন'-র শিল্পীবৃন্দ।

মহিলা বিভাগ

পাঠাগারের মহিলা বিভাগ বিগত ৭৩ বছর ধরে তার অতীত ঐতিহ্যকে বজায় রেখে স্থানীয় মহিলাদের স্বনির্ভর করার লক্ষ্যে বিভিন্ন হাতের কাজের প্রশিক্ষণ দেবার কাজ করে চলেছে। মহিলা বিভাগের পরিচালনায় লেডি ব্রাবোর্ণ ডিপ্লোমা কোর্স, কাটিং, ফেব্রিক, কস্টিউম জুয়েলারী প্রভৃতি বিষয়ে অভিজ্ঞ প্রশিক্ষকের দ্বারা প্রশিক্ষণ দেওয়া হয়।

বিগত বছরগুলির মতো এবছরও মহিলা বিভাগের পরিচালনায় বিভিন্ন প্রতিযোগিতার আয়োজন করা হয়। এই সকল প্রতিযোগিতায় পাঠাগারের মহিলা বিভাগের ছাত্রীবৃন্দ ছাড়াও এলাকার সর্বস্তরের মহিলাদের অংশগ্রহণে প্রতিযোগিতাগুলি প্রাণবন্ত হয়ে ওঠে। বিশেষ করে 'রন্ধন' প্রতিযোগিতায় অংশগ্রহণকারী প্রতিযোগীর সংখ্যা এবং উৎসাহ চোখে পড়ার মতো। 'রন্ধন' প্রতিযোগিতায় প্রায় ৬০ জন প্রতিযোগী অংশগ্রহণ করেছিলেন।পাঠাগারের মহিলা বিভাগ পরিচালিত বিভিন্ন প্রতিযোগিতার ফলাফল -

কাটিং ঃ

প্রথম ঃ মিতালী মাজী, দ্বিতীয় ঃ রিয়া দে, তৃতীয় ঃ মণিকা কোলে

সান্ত্বনা পুরস্কার ঃ

মুনমুন চৌধুরী, সোহিনী হাইত, পম্পা লাহা, সুলতা সেনাপতি ও মধুমিতা পান।

বিচারকবৃন্দ ঃ শ্রীমতী কমলা চৌধুরী ও শ্রীমতী অসীমা দাস

এমব্রয়ডারী ঃ প্রথম ঃ অপর্ণা কোলে, দ্বিতীয় ঃ মহুয়া অধিকারী, তৃতীয় ঃ সাগরিকা সেন

বিচারকবৃন্দ ঃ শ্রীমতী কমলা চৌধুরী ও শ্রীমতী অসীমা দাস

কস্টিউম জুয়েলারী ঃ

প্রথম ঃ সম্পূর্ণা পাঁজা, দ্বিতীয় ঃ মহুয়া অধিকারী, তৃতীয় ঃ সাগরিকা সেন,

বিচারকবৃন্দ ঃ শ্রীমতী চায়না কর

ফেব্রিক ঃ

প্রথম ঃ সোহিনী হাইত, দ্বিতীয় ঃ মৌমিতা পাল, তৃতীয় ঃ অনামিকা শী,

বিচারকবৃন্দ ঃ অধ্যাপিকা শ্রীমতী শ্রাবণী দত্ত বসু ও শ্রীমতী কমলা চৌধুরী

রন্ধন ঃ

প্রথম ঃ মণিকা মুখার্জী, দ্বিতীয় ঃ সুস্মিতা মোদক, তৃতীয় ঃ ঝুমা বোস ও চন্দ্রানী মিত্র, সান্ত্বনা পুরস্কার ঃ সাগরিকা সেন, রুমা বর, সুমনা দে, মৌমিতা বেরা ঘোষ ও বিদিশা ঘোষ

বিচারকবৃন্দ ঃ শ্রীমতী রুকমা দাক্ষী ও শ্রীমতী সুচরিতা ব্যানার্জী

শ্রীমতী শ্রীপর্ণা শেঠ এর পরিচালনায় ক্যুইজ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছিল এবং এই ক্যুইজ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছিল এবং এই ক্যুইজ প্রতিযোগিতায় তাৎক্ষণিক পুরস্কার প্রদান করা হয়। ক্যুইজ প্রতিযোগিতা ঘিরে প্রতিযোগীদের নজর কাড়া উৎসাহ লক্ষ্য করা যায়।

মহিলা বিভাগ পরিচালিত বিভিন্ন প্রতিযোগিতার ব্যয়ভার যাঁরা গ্রহণ করেছেন তাঁদের সকলকে পাঠাগারের পক্ষ থেকে অশেষ কৃতজ্ঞতা জানাই এবং আশা রাখি আগামী দিনেও তাঁদের সহযোগিতা থেকে পাঠাগার বঞ্চিত হবে না। পুরস্কার প্রদাতাগণ নিম্নরূপ -

নূপুর পালিত (পিতা ঁ রঞ্জন পালিত, মাতা ঁ বীণাপানি পালিত ও ভ্রাতা ঁ প্রণব কুমার পালিত এর স্মৃতিতে), শিবানী বসু মল্লিক (পিতা ঁ গোবিন্দ বসু মল্লিক ও মাতা ঁ আঙুরবালা বসু মল্লিক এর স্মৃতিতে), কৃষ্ণা রায় (ভগিনী ঁ স্বপ্না ব্যানার্জীর স্মৃতিতে), রমা ঘোষ (শিক্ষিকা ঁ চিন্ময়ী ব্যানার্জীর স্মৃতিতে), ইলা নন্দী (স্বামী ঁ উমাশঙ্কর নন্দীর স্মৃতিতে), মাতা ঁ সুনয়না খাঁ-এর স্মৃতিতে তাঁর পরিবারবর্গ, শ্রাবণী দে (মাতা ঁ শোভারাণী খাঁ এর স্মৃতিতে), অরিজিৎ খাঁ (পিতা ঁ অমরনাথ খাঁ এর স্মৃতিতে), অমিত কুমার মাজী (মাতা ঁ জ্যোতিরাণী মাজীর স্মৃতিতে), তপন সাহা (পিতা ঁ গোপীনাথ সাহার স্মৃতিতে), দেবদাস পল্ল্যে (পিতা ঁ শরৎচন্দ্র পল্ল্যের স্মৃতিতে), দীপান্বিতা দাস (শাশুড়ি মাতা ঁ কণিকা দাস এর স্মৃতিতে), রঞ্জন ঘোষ (পিতা ঁ সুভাষ ঘোষ এর স্মৃতিতে), দেবারতি পণ্ডিত (পিতা ঁ বিশ্বনাথ পণ্ডিত এর স্মৃতিতে), রত্না মুখার্জী (স্বামী ঁ প্রিয়নাথ মুখার্জীর স্মৃতিতে), নমিতা পালচৌধুরী (স্বামী ঁ অসীম পালচৌধুরীর স্মৃতিতে), জয়ন্ত দাস (পিতা ঁ রবীন্দ্র নাথ দাস এর স্মৃতিতে), রৌণক নন্দী (দাদামশাই ঁ সুজিত কুণ্ডুর স্মৃতিতে), স্বপ্না মুখার্জী (ছোটবোন ঁ শ্যামলী হাজরার স্মৃতিতে) নন্দলাল দাস, রতন দত্ত, উমা মুখার্জী ও আখতার আলম মোল্লা।

সরস্বতী পূজা উপলক্ষে পাঁচদিন ব্যাপী পাঠাগারের মহিলা বিভাগের সূচী শিল্প প্রশিক্ষণ কেন্দ্রের ছাত্রীদের দ্বারা প্রস্তুত বিভিন্ন হাতের কাজের এক বর্ণাঢ্য প্রদর্শনীর আয়োজন করা হয়। রকমারী পাঞ্জাবী, কুর্ত্তি, ব্লাউজ, রুমাল, ব্যাগ ও কষ্টিউম জুয়েলারীর বিভিন্ন প্রকার দ্রব্যের প্রদর্শনীকে কেন্দ্র করে এলাকার আপামর জনসাধারণের মধ্যে সবিশেষ উৎসাহ লক্ষ্য করা যায়।

দৈনন্দিন জীবনের একঘেয়েমী কাটাতে মহিলা বিভাগের শিক্ষিকা ও ছাত্রীদের নিয়ে বিগত ৭ জানুয়ারী'২৬ তারিখে নির্ভেজাল এক আনন্দ ভ্রমণের আয়োজন করা হয়। হুগলী জেলার ঐতিহ্যবাহী স্থান ব্যাণ্ডেল চার্চ ও ইমামবাড়া ভ্রমণ সকলের মনে গভীর আনন্দ দেয়।

পরিশেষে ধন্যবাদ জানাই মহিলা বিভাগের প্রশিক্ষণ কেন্দ্রের শিক্ষিকা শ্রীমতী অনুপমা দাস,

শ্রীমতী শিবানী বসু মল্লিক, শ্রীমতী নিরুপমা দাস, শ্রীমতী অপর্ণা নন্দী ও কর্মী শ্রীমতী সান্ত্বনা ঘোষকে।

সামাজিক শিক্ষা বিভাগ

পাঠাগারের সামাজিক শিক্ষা বিভাগ প্রতি বছরের মতো এবছরেও তার সীমিত ক্ষমতার মধ্যে বিভিন্ন সামাজিক দায়িত্ব পালন করার যথাসাধ্য চেষ্টা করেছে।

স্বাধীনতা দিবস পালন ঃ প্রতি বছরের মতো এবছরও সামাজিক শিক্ষা বিভাগ ১৫ আগষ্ট ২০২৫ স্বাধীনতা দিবস পালন করে। এই দিন সকালে জাতীয় পতাকা উত্তোলন করেন পাঠাগারের সভাপতি শ্রী দেবব্রত কুণ্ডু।

নেতাজী জন্ম দিবস পালন ঃ ২৩ জানুয়ারী ২০২৬ সকালে পাঠাগারের সামাজিক শিক্ষা বিভাগ নেতাজী সুভাষ চন্দ্র বসুর জন্মদিন উপলক্ষে ভারতের জাতীয় পতাকা উত্তোলন করে শ্রদ্ধা জ্ঞাপন করেন। জাতীয় পতাকা উত্তোলন করেন পাঠাগারের সভাপতি শ্রী দেবব্রত কুণ্ডু।

প্রজাতন্ত্র দিবস পালন ঃ ২৬ জানুয়ারী ২০২৬ প্রতি বছরের মতো এবারেও পাঠাগার প্রাঙ্গণে পাঠাগারের সভাপতি শ্রী দেবব্রত কুণ্ডু ভারতের জাতীয় পতাকা উত্তোলন করেন এবং প্রজাতন্ত্র দিবস পালন করা হয়।

ক্রীড়া বিভাগ

ব্যাঁটরা পাবলিক লাইব্রেরীর ক্রীড়া বিভাগের অন্যতম প্রধান কার্যক্রম হলো টেবিল টেনিস প্রশিক্ষণ কেন্দ্র। বিগত বছরগুলোর ন্যায় এই বছরেও ক্রীড়া বিভাগ তার গৌরবময় অতীত বজায় রেখে দৈনন্দিন প্রশিক্ষণ কেন্দ্র চালিয়ে যেতে সক্ষম হয়েছে। এই কেন্দ্রের অন্যতম দুই প্রশিক্ষক শ্রী সিদ্ধার্থ নন্দী ও শ্রী সাগ্নিক আদিত্য-র তত্ত্বাবধানে প্রায় ২৫ জন শিক্ষার্থী সপ্তাহে ছয়দিন নিয়মিত প্রশিক্ষণ নেয়। সত্তর বছর অতিক্রম করা পাঠাগারের এই ক্রীড়া বিভাগ হাওড়া জেলা টেবিল টেনিস অ্যাসোসিয়েশনের অন্যতম সদস্য। আমাদের শিক্ষার্থীরা বিভিন্ন সংগঠনের প্রতিযোগিতায় নিয়মিত অংশগ্রহণ করে।

বর্তমান চাহিদার সাথে সামঞ্জস্য রেখে পাঠাগার তার ক্রীড়া বিভাগের নিয়মিত মানোন্নয়ন করার প্রচেষ্টা বজায় রেখেছেন। সারা বছরের এই বিভাগ চালানোর জন্য আমরা বিভিন্ন সময়ে অভিভাবক, প্রশিক্ষক ও শিক্ষার্থীদের সহযোগিতা পেয়েছি। তাঁদের সকলকে আমরা কৃতজ্ঞতা জানাই। আগামী দিনে ক্রীড়া বিভাগের অগ্রগতি বজায় রাখার জন্য সকলের সহযোগিতা প্রার্থনা করি।

কিশোর বিভাগ.

শতাব্দী প্রাচীন পাঠাগার তার বিভিন্ন বিভাগীয় কার্যকলাপের মধ্যে দিয়ে এক আনন্দঘন পরিবেশ তৈরী করে তার গতিকে আরও দ্রুততার সঙ্গে এগিয়ে নিয়ে চলেছে। তার মধ্যে একটি বিভাগ হল কিশোর বিভাগ। শৈশবের শেষ ও যৌবনের শুরু এই সময়কালটাই কিশোর। এই সময় তাদের বুদ্ধির বিকাশ, চেতনার বিকাশ, অহংবোধের বিকাশ, আত্মসম্মান এর বিকাশের চারা প্রস্ফুটিত হতে শুরু করে। এই সময়ই তাদের শারীরিক ও মানসিক গঠনের পাশাপাশি তাদের ভবিষ্যত জীবনের মূল ভিত্তি তৈরী হয়। এই সময়টা মানবজীবনের অত্যন্ত সংবেদনশীল ও গুরুত্বপূর্ণ। একদম নিখাদ সরলতার মধ্যে দিয়েই তারা বেড়ে ওঠে। এই সময়েই যে কোন কাজে তাদের প্রবল ইচ্ছা শক্তির প্রকাশ পায়। এই বয়সে কিশোরদের প্রধান কাজ হল পড়াশোনা। প্রাতিষ্ঠানিক শিক্ষার পাশাপাশি বিভিন্ন সৃজনশীল কাজ যেমন খেলাধূলা, ছবি আঁকা, গান, আবৃত্তিসহ গঠন মূলক বিভিন্ন রকম কার্যকলাপের মাধ্যমে তাদের সুপ্ত প্রতিভার বিকাশ ঘটে। তাই তাদের সঠিক দিক নির্দেশনার জন্য অভিভাবকদের গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করা দরকার। আজ আমরা একবিংশ শতাব্দীতে দাঁড়িয়ে তাদেরকে শাসন না করে বরং তাদের সাথে বন্ধুর মতো আচরণ করা উচিৎ। তাদের মতামত শোনা জরুরী কিন্তু তার পাশাপশি সেই মতামতকে বিশ্লেষণ করে ভুলটা সংশোধন করে দেওয়ার দায়িত্বটা অভিভাবকদেরই নিতে হবে।

শিক্ষনীয় সকল বিষয়গুলির সঠিক মূল্যায়ণের কতটা প্রাপ্তি ঘটেছে তার জন্য অবশ্যই প্রতিযোগিতা মূলক বিচার ব্যবস্থার সঙ্গে নিজেকে অংশগ্রহণ করা দরকার। সে জন্য পাঠাগার কিশোর বিভাগের ব্যবস্থাপনায় প্রত্যেক বছর বিভিন্ন সাংস্কৃতিক প্রতিযোগিতার আয়োজন করে থাকে। আলোচ্য বছরেও এক মাস ব্যাপী বিভিন্ন সাংস্কৃতিক প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছিল। যারা পুরস্কৃত হয়েছে তাদের তালিকা নীচে দেওয় হল।

বর্তমানে প্রাতিষ্ঠানিক শিক্ষা ব্যতীত শিশু কিশোরদের মধ্যে বই পড়ার প্রবণতা একদমই কমে গেছে। গল্পের বই পড়ার উপকারিতা খুবই আছে বলে আমরা মনে করি। তাই আমরা বড়োরা যেন তাদের কে গল্পের বই পড়ার অভ্যাসটাকে তৈরী করে দিতে পারি। খেলাধূলার পাশাপাশি শিশু-কিশোরদের পাঠাগারমুখী করে তুলতে হবে আমাদেরই।

গল্প বলা প্রতিযোগিতা ঃ বিষয় ঃ রূপকথার গল্প

প্রথম ঃ শ্রীজিতা মান্না, দ্বিতীয় ঃ আদৃতা কুণ্ডু, তৃতীয় ঃ সপ্তর্ষী দণ্ডপাট

বিচারক ঃ ডঃ প্রভাত কুমার ভট্টাচার্য, শ্রী কৃষ্ণেন্দু বন্দ্যোপাধ্যায় ও শ্রীমতী ঝিমলী নন্দী

ক্যুইজ প্রতিযোগিতা ঃ (প্রতি দলে দুইজন করে)

প্রথম ঃ রৌনক চক্রবর্ত্তী ও স্পন্দন ভাদুড়ী

দ্বিতীয় ঃ আয়ুশ কর ও স্বর্ণদীপ দে, তৃতীয় ঃ তিয়াসা নাথ ও সোমদত্ত দাস

বিচারক ঃ এ্যাটোমিক টাচ্

রবীন্দ্র সংগীত প্রতিযোগিতা ঃ

বিভাগ - 'ক' বিষয় ঃ 'প্রকৃতি' পর্যায়ের যে কোন রবীন্দ্র সঙ্গীত

প্রথম ঃ সৌলিপি মণ্ডল , দ্বিতীয় ঃ দেবাদৃতা বাগ, তৃতীয় ঃ ঋধিকা পাল ,অদৃশ মণ্ডল

সান্ত্বনা ঃ সৃজন ঘোষ , আদিত্যশঙ্কর রায়, শরণ্য চক্রবর্তী

বিভাগ - 'খ' বিষয় ঃ 'স্বদেশ' পর্যায়ের যে কোন রবীন্দ্র সঙ্গীত

প্রথম ঃ শুভশ্রী মণ্ডল, দ্বিতীয় ঃ সৌন্দর্য্য মল্লিক, অহেলী খাঁড়া ,তৃতীয় ঃ সম্পূর্ণা পাল,

সান্ত্বনা ঃ সৌম্যদীপ সাহা, সৌদিপ্ত দত্ত , সমার্থী হালদার , স্বাগতা বাগ

বিচারক ঃ শ্রীমতী শুভ্রা মুখার্জী, শ্রীমতী শরণ্যা মুখার্জী ও শ্রীমতী এলিনা জানা

রবীন্দ্র নৃত্য প্রতিযোগিতা ঃ

বিভাগ - 'ক' বিষয় ঃ 'প্রকৃতি' পর্যায়ের যে কোন রবীন্দ্র সঙ্গীতের সঙ্গে নৃত্য

প্রথম ঃ ঋষিকা মুন্সি, দ্বিতীয় ঃ প্রীতিষা সরকার, তৃতীয় ঃ অদ্রিজা মেউর

সান্ত্বনা ঃ অদ্রিজা সামন্ত, অঙ্কিতা দাস, আরোহী গিরি, অদ্বিতীয়া মুন্সি, মধুস্মিতা পাল

বিভাগ - 'খ' বিষয় ঃ 'স্বদেশ' পর্যায়ের যে কোন রবীন্দ্র সঙ্গীতের সঙ্গে নৃত্য

প্রথম ঃ মধুরিমা পাল, দ্বিতীয় ঃ অদ্রিজা মিত্র, তৃতীয় ঃ শ্রীয়া মণ্ডল

সান্ত্বনা ঃ দোলন মণ্ডল

বিভাগ - 'গ' বিষয় ঃ 'প্রেম' পর্যায়ের যে কোন রবীন্দ্র সঙ্গীতের সঙ্গে নৃত্য

প্রথম ঃ অদ্রিজা পল্লে, দ্বিতীয় ঃ আদ্রিকা আদক, তৃতীয় ঃ চন্দ্রা মান্না

বিচারক ঃ শ্রীমতী মৈত্রেয়ী দে সিংহ, শ্রীমতী তিথি কর ও শ্রীমতী প্রার্থিতা মাজি

লোকনৃত্য প্রতিযোগিতা ঃ বিষয় ঃ বাংলা লোক সঙ্গীতের সঙ্গে নৃত্য

বিভাগ - 'ক'

প্রথম ঃ ঋষিকা মুন্সি, দ্বিতীয় ঃ কৌশানি মণ্ডল, তৃতীয় ঃ প্রজ্ঞা কোলে

সান্ত্বনা ঃ মধুস্মিতা পাল, সৃজা শ্রীমানী, আরাধ্যা চোংদার,
সুনন্দিতা পাল, সাক্ষী চক্রবর্ত্তী, দেবার্চনা দাস

বিভাগ - 'খ'

প্রথম ঃ অদ্রিজা মিত্র, দ্বিতীয় ঃ মধুরিমা পাল, তৃতীয় ঃ দিশা মণ্ডল
সান্ত্বনা ঃ শ্রেয়সী মিত্রা, দীপাঞ্জনা মাল

বিভাগ - 'গ'

প্রথম ঃ অদ্রিজা পল্ল্যে, দ্বিতীয় ঃ সান্নিকা সাহা, তৃতীয় ঃ শ্রেষ্ঠা চক্রবর্তী

বিচারক ঃ শ্রী অভিষেক দে, শ্রীমতী উত্তরা চ্যাটার্জী ও শ্রীমতী ইন্দ্রানী চক্রবর্তী

আবৃত্তি প্রতিযোগিতা ঃ

বিভাগ - 'ক' বিষয় ঃ ভবানীপ্রসাদ মজুমদারের 'ছাগলের কাণ্ড'

প্রথম ঃ অরিত্রিকা ঘোষ, দ্বিতীয় ঃ ঐহিক বসু, তৃতীয় ঃ আর্য পাল, আরভি মণ্ডল
সান্ত্বনা ঃ অপ্রতীপ সাঁতরা, আদিত্য বেরা, শ্রেষ্ঠা ব্যানার্জী, দর্শিনী সাহা, পেখম মুখার্জী,
আয়েত্রী ঘোষাল, আরাধ্যা দাস, কৌস্তভ পাত্র, সৃজিত পাত্র, সৌরিতি বাগ,
শ্রীদিতা সাউ, স্নিগ্ধা কর্মকার, দীক্ষিতা রায়, শতাক্ষী নাথ, সমৃদ্ধি মাঝি,
সৌরসেনী চ্যাটার্জী, গুঞ্জা সাহা, স্মৃতিপ্রিয়া শাসমল, প্রিয়াংশি পাল

বিভাগ - 'খ' বিষয় ঃ সুকান্ত ভট্টাচার্যের 'সুচিকিৎসা'

প্রথম ঃ মৈনাক চক্রবর্তী, দ্বিতীয় ঃ পর্ণিকা কোলে,
তৃতীয় ঃ চিরন্তনী চক্রবর্তী, অলিভিয়া সাহা, অদিতি নন্দী
সান্ত্বনা ঃ সুদেষ্ণা মান্না, সৃজিতা মান্না, প্রাপ্তি মণ্ডল, অরণ্য জানা, স্নেহা মাল
শ্রেষ্ঠা মাজী, দেবাদৃতা বাগ, বৃষ্টিকথা বাগ, বিদিশা দে, আয়ান্না দে

বিভাগ - 'গ' বিষয় ঃ নীরেন্দ্রনাথ চক্রবর্তীর 'ভাল কাজ'

প্রথম ঃ শ্রীজাত হাজরা, দ্বিতীয় ঃ সপ্তপর্ণা পাল, তৃতীয় ঃ অদ্রিজা গুপ্ত
সান্ত্বনা ঃ ইটি পাইক, ইশিকা ঘোষ, শ্রুতি শতপথী, কৌস্তভ বাঁক

বিভাগ - 'ঘ' বিষয় ঃ রবীন্দ্রনাথ ঠাকুরের 'শঙ্খ'

প্রথম ঃ অদ্রিজা পল্ল্যে, দ্বিতীয় ঃ অপূর্ব পাছাল, তৃতীয় ঃ রিওনা চক্রবর্তী
সান্ত্বনা ঃ হার্দিক দাস

বিচারক ঃ শ্রী অয়ন গুণ , শ্রী সিদ্ধার্থ সেন, শ্রীমতী শিখা চট্টোপাধ্যায়, শ্রীমতী মহুয়া বানার্জী, শ্রী রঞ্জন ভট্টচার্য ও শ্রী বানী চট্টোপাধ্যায়

অঙ্কন ঃ

বিভাগ - 'ক' , বিষয় ঃ যেমন খুশী আঁকো

প্রথম ঃ সৌমিথ শ্রীমানী, দ্বিতীয় ঃ আরোহী সেনাপতি, তৃতীয় ঃ রীত ধাড়া

সান্ত্বনা ঃ অদ্রিজা ব্যানার্জী, অদ্রিতা চক্রবর্ত্তী,

ঋদ্ধিজা মণ্ডল, দেবাংশী দে, সমৃদ্ধা পণ্ডিত, মিশিতা দে

বিভাগ - 'খ' যেমন খুশী আঁকো

প্রথম ঃ অরণ্য জানা, দ্বিতীয় ঃ হনসিকা ব্যানার্জী, তৃতীয় ঃ আলোক মণ্ডল, অনুজ রায়

সান্ত্বনা ঃ ইলোরা দলুই, সাক্ষী মণ্ডল, অর্চিতা ঘোষ, অদৃজা মণ্ডল

বিভাগ - 'গ' বিষয় ঃ ১। জলের নীচের জীবন যেমন,

২। আমার স্বপ্নের বাড়ী, ৩। সমুদ্র সৈকতে একটি দিন

প্রথম ঃ ঈশাণী মেউর, দ্বিতীয় ঃ দেবরূপ দাস ও বিতান দাস

তৃতীয় ঃ সংঘম প্রামাণিক ও দীপ নস্কর

বিভাগ - 'ঘ' বিয়ষ ঃ ১। মৃৎশিল্পীর প্রতিমা নির্মাণ,

২। আমার কল্পনায় ২১০০ সালের কলকাতা, ৩। প্রবীন নাগরিকের যত্ন নিন।

প্রথম ঃ গৌরব দত্ত, দ্বিতীয় ঃ গৈরিক দে, তৃতীয় ঃ রূপসা মণ্ডল

সান্ত্বনা ঃ উজান চক্রবর্ত্তী

বিচারক ঃ শুভব্রত নন্দী

নিম্নলিখিত শুভানুধ্যায়ীগণ প্রত্যেক বছরের মতো এবছরেওপাঠাগারের 'কিশোর বিভাগ' আয়োজিত বিভিন্ন প্রতিযোগিতার পুরস্কারের ব্যয়ভার বহন করেন।
পাঠাগারের পক্ষ থেকে তাঁদের প্রত্যেক কে জানাই আন্তরিক অভিনন্দন।

শ্রী সুদীপ্ত চীনা (পিতামহ ঁবলাইচন্দ্র চীনার স্মৃতিতে), শ্রীমতী দীপান্বিতা দাস (পিতা ঁজ্ঞানেন্দ্রনাথ দত্ত-র স্মৃতিতে ও মাতা মিনতি দত্ত'র পক্ষে), শ্রী মুকুল সরকার (পিতা ঁসন্তোষ কুমার সরকার-এর স্মৃতিতে), শ্রী সোমনাথ বোস (পিতা ঁসন্তোষ বোস-এর স্মৃতিতে), শ্রী কুনাল ব্যানার্জী (পিতা ঁঅরুণ কুমার ব্যানার্জী-র স্মৃতিতে), শ্রীমতী বৈশাখী সেনশর্মা (পিতামহ ঁকবিরাজ অনন্ত সেনশর্মা ও পিতামহী লাবণ্য সেনশর্মা-র স্মৃতিতে), শ্রী অপূর্ব কুণ্ডু (জ্যাঠামশাই ঁশিবদাস কুণ্ডু-র স্মৃতিতে), শ্রী

পার্থ দত্ত (পিতা ঁগোপাল চন্দ্র দত্ত-র স্মৃতিতে), শ্রী সিদ্ধার্থ সেনশর্মা (পিতা ঁকবিরাজ অনন্ত সেনশর্মা-র স্মৃতিতে), শ্রী অসিত কুমার ভট্টাচার্য (মাতা ঁসুরমা দেবী-র স্মৃতিতে), শ্রী অলোক কুণ্ডু (মাতা ঁলতিকা কুণ্ডু-র স্মৃতিতে), মহঃ দিলওয়ার হোসেন গনি (স্ত্রী ঁরিয়া কাজী-র স্মৃতিতে), শ্রীমতী মাল্যশ্রী কুণ্ডু (পিতা ঁডাঃ ঋষিকেশ দে-র স্মৃতিতে), শ্রী প্রজিত কুমার মুখার্জী (পিতা ঁগোষ্ঠ বিহারী মুখার্জী-র স্মৃতিতে), শ্রী পার্থ দে (পিতা ঁচন্দ্রশেখর দে-র স্মৃতিতে), শ্রী সব্যসাচী সরকার (পিতা ঁদেবকুমার সরকার-এর স্মৃতিতে), শ্রী শুভঙ্কর ব্যানার্জী (কাকা ঁচঞ্চল কুমার ব্যানার্জী-র স্মৃতিতে), শ্রী দেবব্রত কুণ্ডু (পিতা ঁসুদর্শন চন্দ্র কুণ্ডু-র স্মৃতিতে), শ্রীমতী কান্তা মুখার্জী (মাতা ঁঅনুসূয়া মুখার্জী -র স্মৃতিতে), শ্রী দেবব্রত কুণ্ডু (দিদি ঁসবিতা মণ্ডলে -র স্মৃতিতে), শ্রী সুব্রত দাস (মাতা ঁকণিকা দাস -র স্মৃতিতে), শ্রী অরিন্দম দে (পিতামহ ঁরাসবিহারী দে-র স্মৃতিতে), শ্রীমতী কৃষ্ণা চ্যাটার্জী (মেজকাকা ঁশশধর মুখার্জী-র স্মৃতিতে), শ্রী রাজীব দে (জামাইবাবু ঁসমীর পাল-এর স্মৃতিতে), শ্রীমতী চৈতালী সেনাপতি (মেসোমশাই ঁদিবাকর গিরি-র স্মৃতিতে), শ্রী সুদীপ্ত চীনা (পিতা ঁদুলালচন্দ্র চীনা-র স্মৃতিতে), শ্রীমতী দীপান্বিতা দাস (জ্যাঠামশাই ঁরনেন্দ্রনাথ দত্ত-র স্মৃতিতে), শ্রীমতী সৌম্যপ্রিয়া হাজরা (মাতা ঁডাঃ ইরাণী হাজরা-র স্মৃতিতে), শ্রী অপূর্ব সেন (পিতা ঁঅমিয় চন্দ্র সেন-এর স্মৃতিতে), শ্রী কমল কোলে (মাতা ঁঅমিয়া কোলে-র স্মৃতিতে), শ্রীমতী কেকা ঘোষাল (মাতা ঁঅনসূয়া মুখার্জী-র স্মৃতিতে), শ্রীমতী শীলা ঘোষ (মাতা ঁশান্তিলতা ঘোষ-এর স্মৃতিতে), শ্রী সুব্রত দাস ও শ্রীমতী দীপান্বিতা দাস, শ্রী সুজিত ব্যানার্জী (পিতা ঁ নারায়ণ চন্দ্র ব্যানার্জী ও মাতা ঁ সুনীতা ব্যানার্জী-র স্মৃতিতে), শ্রী শৈলেন্দ্র নাথ দাস (পিতা ঁসত্যচরণ করাতি-র স্মৃতিতে), শ্রী অসিত কুমার ভট্টাচার্য্য (মাতা ঁসুরমা দেবী-র স্মৃতিতে), শ্রী শৈলেন্দ্র নাথ দাস (মাতা ঁমলিনা করাতি-র স্মৃতিতে), শ্রীমতী শর্বরী নন্দী (পিতা ঁহরদেব নন্দী-র স্মৃতিতে), শ্রী গৌরহরি বসু ও ভ্রাতৃবন্দ (পিতামহী ঁমোক্ষদা বসু ও পিতা ঁ বনমালী বসু, মাতা ঁদুর্গেশনন্দিনী দেবী ও ভ্রাতা ঁ ব্রজগোপাল বসু-র স্মৃতিতে), শ্রীমতী শীলা ঘোষ (দিদি ঁনমিতা ঘোষ-এর স্মৃতিতে), শ্রী অলোক কুণ্ডু (মাতা ঁলতিকা কুণ্ডু-র স্মৃতিতে), শ্রীমতী সোমা রায় (পিতা ঁতপন কুমার রায় চৌধুরীর স্মৃতিতে), শ্রীমতী চিন্ময়ী ব্যানার্জী (মাতা ঁমান্ কুমারী দেবী-র স্মৃতিতে), শ্রী সুপ্রিয় ব্যানার্জী (কন্যা ঁশীলা ব্যানার্জী-র স্মৃতিতে), শ্রী অপূর্ব সেন (পিতামহ ঁগদাধর চন্দ্র সেন-এর স্মৃতিতে), শ্রী পীযুষ মুখার্জী (মাতা ঁজ্যোৎস্না মুখার্জী-র স্মৃতিতে), শ্রী বিজন ভূষণ পাল (মাতা ঁউমাশশী পাল-র স্মৃতিতে), শ্রী অভিজিৎ সিনহা (মাতা ঁশুভ্রা সিনহা-র স্মৃতিতে), শ্রী পীযুষ মুখার্জী (মাতা ঁজ্যোৎস্না মুখার্জী-র স্মৃতিতে), শ্রী মুকুল বসু (পিতা ঁধ্রুব বসু, মাতা ঁ পারুল বসু, ও মাসিমা ঁ তারারাণী সিংহ-র স্মৃতিতে), শ্রীমতী স্নেহা সেনাপতি (পিতামহ ঁবসুদেব সেনাপতি-র স্মৃতিতে), শ্রীমতী মাল্যশ্রী কুণ্ডু (মাতা ঁমীরা দে-র স্মৃতিতে), শ্রী তাপস কুমার চ্যাটার্জী (পিতা ঁসুরেন্দ্র নাথ চ্যাটার্জী-র স্মৃতিতে), শ্রীমতী ইলা পাল (শ্বশুর ঁকিশোরী মোহন পাল-এর স্মৃতিতে), শ্রী পবন মুখার্জী (মাতা ঁছবিরাণী মুখার্জী-র স্মৃতিতে), শ্রীমতী কল্পনা দে (পিতা ঁগিরিজা ভূষণ নন্দী-র স্মৃতিতে), শ্রী দেবব্রত কুণ্ডু (মাতা ঁবেলা কুণ্ডু-র স্মৃতিতে), শ্রী দেবব্রত কুণ্ডু (মাতামহী ঁগৌরীবালা রানা-র স্মৃতিতে), শ্রী সুব্রত দাস (মাতা ঁকণিকা

দাস-এর স্মৃতিতে), শ্রীমতী শিখা চট্টোপাধ্যায় (শ্বশুর ঁশম্ভুনাথ চট্টোপাধ্যায়-এর স্মৃতিতে), শ্রী সুব্রত দাস ও শ্রীমতী দীপান্বিতা দাস, শ্রীমতী মীনা চট্টেপাধ্যায় (মাতামহী ঁকল্যানী চট্টেপাধ্যায়ের স্মৃতিতে), শ্রীমতী শীলা ঘোষ (পিতা ঁসুরঞ্জন ঘোষ-এর স্মৃতিতে), শ্রীমতী অনিন্দিতা গুপ্ত (জ্যাঠামশাই ঁশ্যামল গুপ্ত-র স্মৃতিতে), শ্রী অসিত কুমার ভট্টচার্য (পিতা ঁঅমুল্য চন্দ্র ভট্টাচার্য-র স্মৃতিতে), শ্রীমতী নীলু মুখার্জী (মাতা ঁকাননবালা চ্যাটার্জী-র স্মৃতিতে), শ্রী অভিজিৎ সিনহা (পিতামহী ঁঅবলা সিনহা -র স্মৃতিতে), শ্রীমতী তনুপ্রিয়া হাজরা (মাতা ঁডাঃ ইরানী হাজরা-র স্মৃতিতে), শ্রীমতী ইন্দ্রানী বসু (স্বামী ঁরামগোপাল বসু-র স্মৃতিতে)

পাঠাগারের মঞ্চ সম্প্রসারণের কাজের জন্য চলতি আর্থিক বছরে সময়াভাবে কয়েকটি অনুষ্ঠান আয়োজন করা সম্ভব হয়নি। 'গ্রন্থাগার দিবস' (২০শে ডিসেম্বর'২৫) উপলক্ষে লিখিত ও মৌখিক ক্যুইজ প্রতিযোগিতা এবং সংস্কৃতি বিভাগের পরিচালনায় রবীন্দ্র সংগীত প্রতিযোগিতা আয়োজন করা সম্ভব হয়নি। এর জন্য আমরা আন্তরিকভাবে দুঃখ প্রকাশ করছি।

চলতি আর্থিক বছরেও পাঠাগারের প্রত্যেক কর্মীবন্ধুদের জন্য চিকিৎসা ভাতার ব্যয়ভার বহন করে পাঠাগার সীমিত আর্থিক সামর্থ্যে কর্মচারী কল্যাণ নীতি মেনে চলতে সক্ষম হয়েছে।

নবরূপে সজ্জিত পাঠাগারের প্রেক্ষাগৃহের নতুন চেয়ার ক্রয়ের জন্য মাননীয় শ্রী অভিষেক ডালমিয়া ষাট হাজার (৬০,০০০/-) টাকা দান করেন। পাঠাগারের পক্ষ থেকে তাঁকে আন্তরিক কৃতজ্ঞতা জানাই।

পাঠাগার মঞ্চের নব রূপায়ণের কাজে সহায়তার জন্য দশ হাজার (১০,০০০/-) টাকা দান করেন মাননীয় শ্রী অনুরণ ভট্টাচার্য। পাঠাগারের পক্ষ থেকে তাঁকে আন্তরিক কৃতজ্ঞতা জানাই।

পাঠাগারের একতলার জল পরিশোধন যন্ত্রটি বিনা ব্যয়ে রক্ষণাবেক্ষণের জন্য শ্রী সঞ্জয় মুখার্জীকে পাঠাগারের পক্ষ থেকে আন্তরিক কৃতজ্ঞতা জানাই।

এছাড়া পূর্ব থেকেই যাঁরা স্থায়ী গচ্ছিত তহবিলে (Endowment Fund) অর্থ গচ্ছিত রেখেছেন এবং সেই গচ্ছিত অর্থ বিনিয়োগ করে অর্জিত সুদের অর্থে পুস্তক বা পাঠ্যপুস্তক কেনা হচ্ছে, তাঁরা হলেন - ঁ দেবীপ্রসাদ বসু চৌধুরীর স্মৃতিতে তাঁর প্রিয়জনেরা, ঁহরপ্রসাদ ঘোষের স্মৃতিতে তাঁর স্ত্রী রোহিণীলতা ঘোষ, ঁজানকীনাথ রায়ের স্মৃতিতে তাঁর স্ত্রী প্রতিমা রায়, ঁরামগোপাল বসুর স্মৃতিতে তাঁর স্ত্রী শ্রীমতী ইন্দ্রনী বসু, ঁরাসবিহারী দের স্মৃতিতে তাঁর পুত্র ডাঃ জ্যোতির্ময় দে, ঁশান্তিনাথ ঘোষের স্মৃতিতে তাঁর স্ত্রী শ্রীমতী শেফালি ঘোষ ও পুত্র শ্রী তুহিন কুমার ঘোষ, ঁশীতল চন্দ্র কোলের স্মৃতিতে তাঁর পুত্র শ্রী প্রবীর কোলে, ঁসোমনাথ মুখার্জীর স্মৃতিতে তাঁর স্ত্রী শ্রীমতী প্রতিমা মুখার্জী, ঁসুনীলবরণ নায়েকের স্মৃতিতে 'ব্রতী'র সদস্যবৃন্দ, ঁসুরেন্দ্রনাথ দাসের স্মৃতিতে সুরেন্দ্রনাথ দাস মেমোরিয়াল ট্রাষ্ট, শ্রী দিলীপ কুমার মুখার্জী তাঁর মাতামহী ঁমনোরমা দে ও মাতা ঁরমারাণী দের

স্মৃতিতে এবং শ্রী কাশীনাথ দাস ও তাঁর স্ত্রী শ্রীমতী লক্ষী দাস, ঁকণিকা দাসের স্মৃতিতে শ্রীমতী দিপান্বিতা দাস, ঁআবদুর রসিদ এর স্মৃতিতে মহঃ আবদুর রাকিব।

ব্যস্ততা সত্ত্বেও পাঠাগারের অবৈতনিক হিসাব পরীক্ষার কাজ সম্পাদন করেছেন শ্রী অপূর্ব কুমার কুণ্ডু (সি.এ.), শ্রী হিরণ কুণ্ডু (সি.এ.), এবং শ্রী অর্কব্রত কুণ্ডু (সি.এ.) এঁদের পাঠাগারের পক্ষ থেকে অশেষ ধন্যবাদ জানাই।

এছাড়া পাঠাগারের বিভিন্ন দৈনন্দিন কর্মসূচী রূপায়ণে আমাদের সাহায্য করেন তারা প্রেস (প্রিন্টিং), মেসার্স কৃষ্ণা ডেকরেটার্স, প্রবীর হাজরা, তুহিন কুমার দে, রবীন নন্দী (কম্পিউটার মেনটেনেন্স), গুনগুন গ্রাফিক্স, সমীর পাছাল এবং প্রভাতি পাঠ (দৈনিক সংবাদপত্র ও পত্র পত্রিকা), অশোক জানা (ফুল) এবং আরও অনেকে।

শ্রীমতী গীতশ্রী ভট্টাচার্য, সোমা চক্রবর্তী, টুনা খামরুই, অনিমা দাস, কাকলী নন্দী, কুহেলী পাল, বাপ্পা নন্দী, প্রসেনজিৎ পাল, রাজিন্দর দাস প্রমুখ কর্মীবন্ধুবর্গ কে পাঠাগারের দৈনন্দিন কাজকর্ম সচল রাখার জন্য ধন্যাবাদ জানাই।

আলোচ্য বছরের কার্য বিবরণী শেষ করার আগে পাঠাগার কে সুষ্ঠভাবে পরিচালনায় যাঁদের সাহায্য ও সহযোগিতা পেয়েছি তাঁদের সকলকে জানাই আন্তরিক অভিনন্দন। বর্তমানে তথ্য প্রযুক্তির সফল ব্যবহারে পাঠাগার কে আরো জনমুখী ও সর্বসাধারণের জন্য অনায়াস লভ্য করার লক্ষ্যে প্রয়োজন আপনাদের মতো প্রগতিশীল মানুষের নিঃস্বার্থ শ্রম ও সময়দান এবং যথাসাধ্য আর্থিক সহায়তা। পুস্তকপ্রেমী ও পাঠাগার দরদী নবীন সদস্য / সদস্যাদের কাছে আমাদের আহ্বান পাঠাগারের অগ্রগতির ধারা অব্যাহত রাখতে তাঁদের সক্রিয় অংশগ্রহণ একান্ত প্রয়োজন। প্রবীণ এবং নবীনের মেলবন্ধনে আমাদের গর্ব ব্যাঁটরা পাবলিক লাইব্রেরীর শ্রেষ্ঠত্বের গৌরবগাঁথা ও পরম্পরা যেন অব্যাহত থাকে, তা সতত প্রত্যাশা করি।

এই প্রতিবেদন প্রস্তুত করতে গিয়ে যথেষ্ট সতর্কতা নেওয়া সত্ত্বেও যদি ভ্রমবশত কারোর নাম বা কোন সংস্থার নাম উল্লেখ করা না হয়ে থাকে তার জন্য নিজগুণে ক্ষমা করবেন এবং এই অনিচ্ছাকৃত ত্রুটির জন্য মার্জনা করবেন।

২৮শে জুন,২০২৬

নমস্কারান্তে

(তন্ময় ঘোষ)
সাধারণ সম্পাদক

GOVERNMENT OF INDIA
MINISTRY OF FINANCE
INCOME TAX DEPARTMENT
ITBA/EXM/F/EXM44/2025-26/1087968596(1)
CIT (EXMPTION), KOLKATA

To, BANTRA PUBLIC LIBRARY 42/3 Lakshmi Narayan Chakraborty Lane ,Kadamtala S.O (Howrah) Howrah HOWRAH 711101 ,West Bengal India	

PAN: **AAAAB6073D**	Application No: **CIT (EXMPTION), KOLKATA/2025-26/12AA/22908**	DIN & Notice No: **ITBA/EXM/F/EXM44/2025-26/1087968596(1)**	Date: **26/03/2026**

FORM NO. 10AD
(See rule 2C or 11AA or 17A)
Order for registration or approval or rejection or cancellation

1.	Permanent Account Number (PAN) of the applicant	**AAAAB6073D**
2.	Name and address of the applicant	**BANTRA PUBLIC LIBRARY 42/3 Lakshmi Narayan Chakraborty Lane , Kadamtala S.O (Howrah) Howrah , HOWRAH 711101 West Bengal, India**
2A.	Nature of activities	**Charitable**
3.	Document Identification Number	**ITBA/EXM/F/EXM44/2025-26/1087968596(1)**
4.	Application Number	**CIT (EXMPTION), KOLKATA/2025-26/12AA/22908**
5.	Registration/Approval Number (Unique Registration Number)	**AAAAB6073D25KL02**
6.	Section/sub-section/clause/sub-clause/proviso in which registration/approval is being granted	**Clause (ii) of 2nd proviso to Sec.80G(5)**
7.	Date of registration/approval/registration/cancellation	**26/03/2026**
8.	Assessment year or years for which the trust or institution is registered or approval	**2027-28 to 2031-32**
9.	Reasons of rejection/cancellation, in case if the application for registration/approval has been rejected or cancelled	**Not Applicable**
10.	Date of opportunity afforded to the applicant before such rejection or cancellation of application for registration/ approval	**Not Applicable**

২০২৫-২৬ সালের অনুসমিতি

-ঃ সংস্কৃতি বিভাগ ঃ-

শ্রী সঞ্জয় দন্ডপাট (সম্পাদক,২২/০৬/২৬ পর্যন্ত), সঞ্চিতা মুখার্জী,
তমোনা ঘোষ, রোহিত সরকার, পল্লব ঘোষ, তন্ময় ঘোষ (পদাধিকার বলে)

-ঃ সামাজিক শিক্ষা বিভাগ ঃ-

শ্রীমতী দীপান্বিতা দাস (সম্পাদিকা), সোমনাথ বোস, সৌভিক ঘোষ, বাপ্পা নন্দী,
সোমনাথ গৌতম, তন্ময় ঘোষ (পদাধিকার বলে)

-ঃ ক্রীড়া বিভাগ ঃ-

শ্রী কৃষ্ণেন্দু নন্দী (সম্পাদক), সোনা কুমার দাস, পার্থ দত্ত,
শ্রীকান্ত দাস, সৌরজিৎ শেঠ, তন্ময় ঘোষ (পদাধিকার বলে)

-ঃ কিশোর বিভাগ ঃ-

শ্রী অরুনাভ রায় (সম্পাদক), রাজর্ষি শেঠ, স্পন্দন দাস,
সায়ন্তনী বালিয়াল, সৌমার্য শেঠ, তন্ময় ঘোষ (পদাধিকার বলে)

-ঃ মহিলা বিভাগ ঃ-

শ্রীমতী মৌমিতা মাজী (সম্পাদিকা), রমা ঘোষ, ইরা নন্দী
মিঠু শেঠ, শিবানী বসু মল্লিক, তন্ময় ঘোষ (পদাধিকার বলে)

-ঃ পুস্তক নির্বাচনী অনুসমিতি ঃ-

শ্রী সৌরভ মুখার্জী (আহ্বায়ক), অনিন্দ মুখার্জী, ঝিমলী নন্দী, শর্বদেব কুন্ডু, দেবব্রত ভট্টাচার্য
রমাকান্ত লাহিড়ী, ডাঃ শৈবাল বন্দ্যোপাধ্যায়, সঞ্চিতা মুখার্জী, অরিজিতা মল্লিক,
টিঙ্কু ঘোষ, সান্ময় দত্ত, অধ্যাপক অতীশ প্রসাদ মন্ডল, অধ্যাপিকা শেলী ভট্টাচার্য
অধ্যাপিকা শরণ্যা মুখোপাধ্যায়, তরুণ কুমার মন্ডল, চন্দ্রাণী বোস, তন্ময় ঘোষ (পদাধিকার বলে)

-ঃ সরস্বতী পূজা অনুসমিতি ঃ-

অভিজিৎ সিন্‌হা (আহ্বায়ক), দেবব্রত ভট্টাচার্য, অরুণাভ রায়, পল্লব ঘোষ, রাজর্ষি শেঠ,
সোনা কুমার দাস, মাল্যশ্রী কুন্ডু, সুলেখা মুখার্জী, দীপান্বিতা দাস, রমা ঘোষ,
সঞ্চিতা মুখার্জী, মিঠু শেঠ, মুনমুন সিন্‌হা, শর্বদেব কুন্ডু, সপ্তাশ্ব নন্দী, টুনা খামরুই,
সৌমার্য শেঠ, তমোনা ঘোষ, সঞ্জয় দন্ডপাট, জ্যোতির্ময় মুখার্জী, সৌরভ মুখার্জী,
রোহিত সরকার, সৌভিক ঘোষ, মৌমিতা মাজী, বাপ্পা নন্দী, কাকলি নন্দী,
গীতশ্রী ভট্টাচার্য, অনিন্দ মুখার্জী, সম্রাট রায়, তন্ময় ঘোষ (পদাধিকার বলে)



(স্থাপিত সন ১৮৮৪ সাল)

২০২৫-২৬ সালের কার্যকরী সমিতির সদস্যগণ

১।	শ্রী দেবব্রত কুন্ডু	সভাপতি
২।	শ্রীমতী রমা ঘোষ	সহঃ সভাপতি
৩।	শ্রী রাজর্ষি শেঠ	সহঃ সভাপতি
৪।	শ্রী তন্ময় ঘোষ	সাধারণ সম্পাদক
৫।	শ্রী অভিজিৎ সিন্‌হা	সহঃ সাধারণ সম্পাদক
৬।	শ্রী জ্যোতির্ময় মুখার্জী	কোষাধ্যক্ষ
৭।	শ্রী বিকাশ সেনাপতি	হিসাবরক্ষক
৮।	শ্রী সমীর ব্যানার্জী	হিসাবরক্ষক (২৭-০৩-২৬ পর্যন্ত)
৯।	শ্রী সোনা কুমার দাস	হিসাবরক্ষক (২৮-০৩-২৬ হইতে)
১০।	শ্রী সৌরভ মুখার্জী	গ্রন্থাগারিক
১১।	শ্রী শর্বদেব কুন্ডু	গ্রন্থাগারিক
১২।	শ্রী অনিন্দ মুখার্জী	গ্রন্থাগারিক
১৩।	শ্রী সঞ্জয় দন্ডপাট	সম্পাদক, সংস্কৃতি বিভাগ (২২-০৬-২৬ পর্যন্ত)
১৪।	শ্রীমতী দীপান্বিতা দাস	সম্পাদক, সামাজিক শিক্ষা বিভাগ
১৫।	শ্রী কৃষ্ণেন্দু নন্দী	সম্পাদক, ক্রীড়া বিভাগ
১৬।	শ্রীমতী মৌমিতা মাজী	সম্পাদিকা, মহিলা বিভাগ
১৭।	শ্রী অরুনাভ রায়	সম্পাদক, কিশোর বিভাগ
১৮।	শ্রী সোনা কুমার দাস	সদস্য (২৭-০৩-২৬ পর্যন্ত)
১৯।	শ্রী সোমনাথ বোস	সদস্য
২০।	শ্রীমতী সঞ্চিতা মুখার্জী	সদস্য
২১।	শ্রী দেবব্রত ভট্টাচার্য	সদস্য (২৮-০৩-২৬ হইতে)

E-mail : bantrapubliclibrary@yahoo.co.in ✪ Website : www.bantrapubliclibrary.in
Registered u/s 12AA & 80(G) of Income Tax Act, 1961